

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ সর্বোচ্চ বন্ধুর দিকে ধাবমান (إِلَى الرَّفِيْقِ الْأَعْلَى) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

শেষ সপ্তাহ (الأُسْبُوْعُ الْأَخِيْنُ):

এ জিজ্ঞাসার কারণ অনুধাবন করতে পেরে বিবিগণ বললেন, 'আপনার যেখানে ইচ্ছা সেখানে থাকতে পারবেন।" বিবিগণের কথার প্রেক্ষিতে নাবী কারীম (ﷺ) স্থান পরিবর্তন করে আয়িশার গৃহে গমন করেন। স্থান পরিবর্তনের সময় তিনি ফযল বিন আব্বাস (রাঃ) এবং আলী বিন আবু ত্বালীবের কাঁধে ভর দিয়ে যাচ্ছিলেন। তাঁর মাথায় পট্টি বাঁধা ছিল এবং পা মাটিতে হেঁচড়িয়ে তিন চলছিলেন। এ অবস্থার মধ্য দিয়ে নাবী কারীম (ﷺ) আয়িশা (রাঃ)-এর ঘরে গমন করেন এবং জীবনের শেষ সপ্তাহটি সেখানেই অতিবাহিত করেন।

আয়িশা (রাঃ) সূরাহ নাস ও ফালাক্ব এবং রাসূলুল্লাহ (ﷺ) কর্তৃক মুখস্থকৃত দু'আ পড়ে নাবী কারীম (ﷺ)_কে ঝাঁড় ফুঁক করতে থাকেন এবং বরকতের আশায় নাবী কারীম (ﷺ)_এর হাত তাঁর পবিত্র শরীরে বুলিয়ে দিতে থাকেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6455

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন